গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.২৩.০০৬.২৬-২৭২

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ / ০৬ মে২০২৬

**বিষয়: ভূমি উন্নয়ন কর সিস্টেমে আদায় জোরদারকরণে নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি উন্নয়ন করের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলো:

ক) ভূমি উন্নয়ন কর প্রদানের জন্য হোল্ডিং খোলার আবেদন যাচাইয়ান্তে অনধিক ৪৮ ঘন্টার মধ্যে নিষ্পন্ন করতে হবে।

খ) অনুমোদনযোগ্য না হলে উপযুক্ত কারণ উল্লেখ করে বাতিল করতে হবে, যা নাগরিকগণ জানতে পারেন।

গ) সহকারী কমিশনার (ভূমি) এর নিকট ভূমি উন্নয়ন করের পরিমান, বকেয়া সন, জমির ব্যবহারভিত্তিক শ্রেণি বিষয়ে আপত্তি দায়ের হলে তা সাত দিনের মধ্যে সিদ্ধান্ত দিতে হবে।

২। এমতাবস্থায়, ভূমি রাজস্ব আদায়ে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব প্রদানের অনুরোধসহ উপরোক্ত নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ হলো।

০৬/০৫/২০২৬

সাদেকুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৭
ই-মেইল: sdmc1@minland.gov.bd

সহকারী কমিশনার (ভূমি)
সকল

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক (সকল)
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
৩। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
৫। অফিস কপি।

CS CamScanner